

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮১৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮০৬]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ৩৬৮ : আল্লাহ আয্যা অজাল্লা ও তাঁর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক নিষিদ্ধ কর্মে লিপ্ত হওয়া থেকে সতর্কীকরণ

(368) بَابُ التَّحْذِيْرِ مِنْ اِرْتِكَابِ مَا نَهَى اللهُ عَزَّ وَجَلَّ أَوْ رَسُوْلُهُ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْهُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيرَةَ رضي الله عنه: أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ: «إِنَّ اللهَ تَعَالَى يَغَارُ، وَغَيْرَة اللهِ، أَنْ يَأْتِيَ المَرْءُ مَا حَرَّمَ اللهُ عَلَيْهِ» . متفق عليه

বাংলা

মহান আল্লাহ বলেছেন,

অর্থাৎ সুতরাং যারা তার আদেশের বিরুদ্ধাচরণ করে তারা সতর্ক হোক যে, বিপর্যয় অথবা কঠিন শাস্তি তাদেরকে গ্রাস করবে। (সুরা নূর ৬৩ আয়াত)

ি وَيُحَذِّرُكُمُ اللَّهُ نَفْسَهُ ﴾ [ال عمران: ٣٠] তিনি আরও বলেন, □٣٠

অর্থাৎ আল্লাহ তাঁর নিজের সম্বন্ধে তোমাদেরকে সাবধান করছেন। (সূরা আলে ইমরান ৩০ আয়াত)

[إِنَّ بَطْشَ رَبِّكَ لَشَدِيدٌ ﴾ [البروج: ١٢] अनाव िन वरलरहन,

অর্থাৎ নিশ্চয় তোমার প্রতিপালকের পাকড়াও বড়ই কঠিন। (সূরা বুরূজ ১২ আয়াত)

তিনি অন্য জায়গায় বলেন,

অর্থাৎ এরূপই তাঁর পাকড়াও; যখন তিনি কোন অত্যাচারী জনপদের অধিবাসীদেরকে পাকড়াও করেন। নিঃসন্দেহে তাঁর পাকড়াও অত্যন্ত যাতনাদায়ক কঠিন। (সুরা হুদ ১০২ আয়াত)



১/১৮১৫। আবূ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "নিশ্চয় মহান আল্লাহর ঈর্ষা আছে এবং আল্লাহর ঈর্ষা জাগে, যখন মানুষ আল্লাহ কর্তৃক হারামকৃত কোন কাজে লিপ্ত হয়ে পড়ে।" (বুখারী-মুসলিম) [1]

English

(368) Chapter: Prohibition of doing that which Allah and His Messenger have Prohibited

Allah, the Exalted, says:

"And let those who oppose the Messenger's commandment (i.e., his Sunnah legal ways, orders, acts of worship, statements) (among the sects) beware, lest some Fitnah (disbelief, trials, afflictions, earthquakes, killing, overpowered by a tyrant) should befall them or a painful torment be inflicted on them." (24:63)

"And Allah warns you against Himself (His punishment)." (3:30)

"Verily, (O Muhammad (PBUH)) the Grip (punishment) of your Rubb is severe." (85:12)

"Such is the Seizure of your Rubb when He seizes the (population of) towns while they are doing wrong. Verily, His Seizure is painful and severe." (11:102)

Abu Hurairah (May Allah be pleased with him) said:

The Prophet (ﷺ) said, "Allah, the Exalted, becomes angry, and His Anger is provoked when a person does what Allah has declared unlawful."

[Al- Bukhari and Muslim].

Commentary: This Hadith warns us against committing sins and all that Allah has forbidden in order to avoid exciting the anger of Allah.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৫২২৩, ৫২২২, তিরমিয়ী ১১৬৮, আহমাদ ২৬৪০৩, ২৬৪২৯, ২৬৪৩১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন